

তারিখ: ০৪/০৩/২০১৬

নং-১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০২.১৮.১ ৫০৫

বিষয়: ঐতিহাসিক ৭মার্চ উপলক্ষে বাংলাদেশ আওয়ামী লীগ আয়োজিত জনসভায় মাননীয় প্রধানমন্ত্রী প্রদত্ত ভাষণ সরাসরি সম্প্রচার।

আগামী ০৭ মার্চ ২০১৬খ্রি., বুধবার ঐতিহাসিক ৭মার্চ উপলক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিকেল ৩টায় সোহরাওয়ার্দী উদ্যানে বাংলাদেশ আওয়ামী লীগ আয়োজিত জনসভায় ভাষণ প্রদান করবেন। মাননীয় প্রধানমন্ত্রী প্রদত্ত ভাষণ বিটিসিএল লাইনের মাধ্যমে বাংলাদেশ বেতার ঢাকা-ক, ৬৯৩ কিলোহার্জে, এফ.এম ১০৬.০ মেগাহার্জে এবং ওয়েব সাইট www.betar.gov.bd থেকে সরাসরি সম্প্রচার হবে।

- ২। উক্ত ভাষণের সময়সূচি পরিবর্তনের ক্ষেত্রে আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা এবং সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন প্রধানমন্ত্রীর কার্যালয়ের সাথে যোগাযোগপূর্বক উক্ত ভাষণ যথাসময়ে প্রচার নিশ্চিত করবেন।
- ৩। মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণ সরাসরি সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, সোহরাওয়ার্দী উদ্যান, ঢাকা থেকে জাতীয় বেতার ভবন পর্যন্ত টেলিফোন লাইন বুক করবেন। এ ব্যয়ভার আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা বহন করবেন।
- ৪। উক্ত ভাষণ প্রচারকালীন ঢাকা-ক এর পূর্ব নির্ধারিত অনুষ্ঠান, সকল সংবাদ, আবহাওয়াবর্তা ও আযান ঢাকা-খ, ৮১৯ কিলোহার্জে, ঢাকা-গ, ১১৭০ কিলোহার্জে, এফ.এম ৯৭.৬ মেগাহার্জে এবং ক্ষুদ্রতরঙ্গ ৪৭৫০ কিলোহার্জে প্রচার হবে।
- ৫। উল্লেখ্য জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭মার্চের ভাষণ বিকেল ৩টা ২০মিনিটে ঢাকা-ক থেকে যথারীতি প্রচার হবে। এ সময় মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণ ঢাকা-খ, ৮১৯ কিলোহার্জে প্রচার হবে।
- ৬। উক্ত ভাষণ সরাসরি সম্প্রচারের সাথে সংশ্লিষ্ট ট্রান্সমিটারগুলো চালু না থাকলে অনুষ্ঠান শুরু ১৫ মিনিট পূর্বে চালু হয়ে অনুষ্ঠান প্রচার শেষে বিরত হবে/নিজস্ব কর্মধারায় ফিরে যাবে।
- ৭। মাননীয় প্রধানমন্ত্রী প্রদত্ত ভাষণ সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন যাবতীয় প্রকৌশল দায়িত্ব পালন করবেন।
- ৮। উক্ত ভাষণ সুষ্ঠুভাবে প্রচারের জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা ভাষণ সম্প্রচারের সাথে সম্পর্কিত কর্মকর্তা-কর্মচারী ও উপস্থাপক-উপস্থাপিকাদের নিরাপত্তা পাশ সংগ্রহসহ ভাষণটি প্রচারের পূর্বে ঘোষণা/প্রমো প্রচারের মাধ্যমে শ্রোতাদের অবহিতকরণ এবং সংশ্লিষ্ট সকলের (প্রকৌশল ও বর্তা শাখাসহ) সাথে যোগাযোগসহ প্রয়োজনীয় সমন্বয় করবেন।
- ৯। উক্ত ভাষণ প্রচারের সময় ফিলার প্রচারে অনুমোদিত অনুষ্ঠান/গানের তালিকা অনুসরণের জন্য সংশ্লিষ্ট শাখাকে নির্দেশনা প্রদান করা হলো।
- ১০। উক্ত ভাষণ সুষ্ঠুভাবে প্রচারের জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের পূর্বাঙ্কে দায়িত্ব অর্পণ, সম্প্রচার বুথে উপস্থিত থেকে ভাষণ সম্প্রচার তত্ত্বাবধানসহ ভাষণ যথাসময়ে সম্প্রচার নিশ্চিত করবেন।
- ১১। মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণের ওপর রিপোর্টিং সংবাদে প্রচারের জন্য পরিচালক, বর্তা, কেন্দ্রীয় বর্তা সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ১২। মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণ শুরুর ২ ঘন্টা পূর্বে সংশ্লিষ্ট বাইঃসম্প্রচার দলকে অনুষ্ঠানস্থলে উপস্থিত থাকার জন্য নির্দেশনা প্রদান করা হলো।
- ১৩। পরিচালক, লিয়াজো, বাংলাদেশ বেতার সদর দপ্তর-এ সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(সালিহউদ্দিন আহমেদ)
উপ-মহাপরিচালক, অনুষ্ঠান
ফোন: ০২-৪৪৮১৩০৬৭
মহাপরিচালকের পক্ষে।

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

- ১। প্রধান প্রকৌশলী/উপ-মহাপরিচালক, বর্তা, বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ২। পরিচালক, বর্তা, কেন্দ্রীয় বর্তা সংস্থা, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা/অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার ধামরাই, ঢাকা।
- ৩। সিনিয়র প্রকৌশলী/আবাসিক প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার সদর দপ্তর, ঢাকা (দপ্তর আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)/জাতীয় বেতার ভবন, বাংলাদেশ বেতার, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২, সাতার, ঢাকা।
- ৪। পরিচালক, লিয়াজো, বাংলাদেশ বেতার সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৫। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা।
- ৬। স্টেশন প্রকৌশলী, নিয়ন্ত্রণ প্রেরণ কেন্দ্র, কল্যাণপুর, ঢাকা।